

শিবালয় উপজেলা হাটবাজার ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি: মোঃ জাহিদুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার, শিবালয়, মানিকগঞ্জ।
 সভার স্থান: উপজেলা পরিষদ সভা কক্ষ শিবালয়, মানিকগঞ্জ।
 সভার তারিখ ও সময়: ০৪/০৬/২০২৩, সকাল ১০.০০ ঘটিকা।

শিবালয় উপজেলা হাটবাজার ব্যবস্থাপনা কমিটির উপস্থিত তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সবার কাজ শুরু করেন। পরবর্তীতে বিস্তারিত আলোচনা করে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
ক) সহকারী কমিশনার (ভূমি) বলেন, বরগাইল হাট-বাজারে গরু-ছাগল বিক্রির অনুমতি চেয়ে বর্তমান ইজারা গ্রহীতা আবেদন করেছেন। এছাড়া মহাদেবপুর ইউনিয়নে রঘুনাথপুর বাজার তালিকা ভুক্ত করার বিষয়ে তিনি সভাকে মতামত প্রদানের জন্য অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	বরগাইল হাট-বাজারে গরু-ছাগল বিক্রি এবং রঘুনাথপুর বাজার তালিকা ভুক্ত করার বিষয়ে আইন ও বিধিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত হয়।	সহকারী কমিশনার (ভূমি), শিবালয়।
খ) উপজেলা প্রকৌশলী বলেন, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে হাট-বাজার সমূহের উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ বিষয়ে (হাট-বাজার ইজারা হতে প্রাপ্ত ১০%) নিম্ন বর্ণিত প্রকল্প প্রস্তাব আনুমানিক ব্যয় সহ পাওয়া গিয়েছে। প্রস্তাব সমূহ উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভায় আলোচনা করা যেতে পারে।	হাট বাজারের উন্নয়ন ও রক্ষণাবেক্ষণের জন্য গৃহীত প্রকল্প সমূহের প্রস্তাব উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভায় অনুমোদনের জন্য সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১. উপজেলা প্রকৌশলী, শিবালয়। ২. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)
১. তেওতা ইউনিয়নে জাফরগঞ্জ বাজার ধুসর বিকাশ পদার বাড়ী হতে সুভূত কুমার সূত্রধর বাড়ী পর্যন্ত সড়ক ইট সলিংকরণ। ২,০০,০০০/=		
২. তেওতা ইউনিয়নে জমদুয়ারা বাজার মাছের সেড নির্মাণ মেরামত। ২,০০,০০০/=		
৩. উলাইল ইউনিয়নে উলাইল বাজার কাঁচা বাজারে সেড নির্মাণ। ২,০০,০০০/=		
৪. শিবালয় ইউনিয়নে শিবালয় বাজার ইছাক মিয়ার বাড়ীর পিছনে সানোয়ার এর দোকান পর্যন্ত ড্রেন নির্মাণ। ১,০০,০০০/=		
৫. তেওতা ইউনিয়নে ২নং ওয়ার্ডে জাফরগঞ্জ নদী বন্দর হাট বাজারে ইটের সলিংকরণ। ২,০০,০০০/=		
৬. উথলী ইউনিয়নে ৪নং ওয়ার্ডে রাজার বাড়ী হতে নয়াবাড়ী হাট বাজার পর্যন্ত ইট সলিংকরণ। ২,০০,০০০/=		
৭. শিবালয় উপজেলার বিভিন্ন হাট বাজারে টিউবওয়েল বিতরণ। ১,০০,০০০/=		
৯. উথলী বাজারে মাছের বাজার হতে খাল পর্যন্ত ড্রেন নির্মাণ (RCC) ২,০০,০০০/=		
১০. শিবালয় বাজারের চিবাসের চার দোকান হতে লতিফ খন্দকারে অফিস পর্যন্ত ড্রেন। ২,০০,০০০/=		
১১. আলোকদিয়া বাজারে শেড নির্মাণ। ২,০০,০০০/=		
১২. কয়রা বাজারের ইট সোলিং। ২,০০,০০০/=		
১৩. মহাদেবপুরের অন্তর্গত বরগাইল মাছ বাজারের সেড নির্মাণ। ২,০০,০০০/=		
১৪. শিবালয় উপজেলাধীন বিভিন্ন হাট-বাজারসমূহে নলকূপ স্থাপন। ২,০০,০০০/=		
১৫. বেজপাড়া বাজারে সেড নির্মাণ। ৪,০০,০০০/=		
১৬. শিবালয় উপজেলাধীন বিভিন্ন হাট-বাজারসমূহে সোলার লাইট সরবরাহ। ২,০০,০০০/=		
১৭. নয়াবাড়ী বাজারে শেডের টিন স্থাপন। ৫০,০০০/=		
১৮. রূপসা বাজারে ড্রেন সংস্কার। ১,৫০,০০০/=		



<p>গ) উলাইল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বলেন, হাট-বাজার সমূহের উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ কার্য দ্রুত শুরু করা প্রয়োজন। সভার অন্যান্য সদস্যগণ এ বিষয়ে একমত প্রকাশ করেন।</p>	<p>হাট-বাজার সমূহের উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ কার্য দ্রুত শুরু করার জন্য বিধিমালা মোতাবেক ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>উপজেলা প্রকৌশলী, শিবালয়।</p>
---	---	----------------------------------

সভায় অন্য আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 মো: জাহিদুর রহমান
 উপজেলা নির্বাহী অফিসার
 ও
 সভাপতি


উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি
শিবালয়, মানিকগঞ্জ

তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪৩০ বাং
০৪ জুন ২০২৩ খ্রি.

স্মারক নং: ০৫.৩০.৫৬৭৮.০০০.০৩.০২৬.২২- ৪৬৮

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ১। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
- ২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মানিকগঞ্জ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবালয়, মানিকগঞ্জ।
- ৪। উপজেলা..... কর্মকর্তা, শিবালয়, মানিকগঞ্জ।
- ৫। চেয়ারম্যান,..... ইউনিয়ন পরিষদ, শিবালয়, মানিকগঞ্জ।
- ৬। জনাব.....
- ৭। অফিস কপি।


 মো: জাহিদুর রহমান
 উপজেলা নির্বাহী অফিসার
 ও
 সভাপতি
 উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি
 শিবালয়, মানিকগঞ্জ